শিশুদের জন্য বাইবেল
নিবেদন করছে

# ক্রীতদাস যোষেফ কে ঈশ্বর সম্মান করেন

লেখক: Edward Hughes

চিত্রাংকন: M. Maillot; Lazarus

অভিযোজন: M. Maillot; Sarah S; Alastair P.

অনুবাদক: Manab Biswas

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2021 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা ।

যোষেফের প্রাক্তন মনিব
পটীফর ভুল করে তাকে
জেলে পাঠিয়েছিল।
জেলের মধ্যে যোষেফ
সাহায্যকারী ও
বাধ্য ছিল।

জেলের প্রধান কারাপাল
তার উপর বিশ্বাস করে
জেলের জীবনকে
সংঘবদ্ধ করেছিল, কারণ
ঈশ্বর
যোষেফের সঙ্গে
ছিলেন। সবার
জন্য কারাগার
এক সুন্দর
স্থান হয়ে
উঠেছিল।

রাজার রুটি ও মদ প্রস্তুতকারক জেলেতেই ছিল। যোষেফ একদিন তাদের জিজ্ঞাসা করল, “তোমরা এত দুঃখিত কেন?”

তারা উত্তর দিল, “কেউ
আমাদের
স্বপ্নের মানে বলতে পারছে না”।
যোষেফ বলল, “ঈশ্বর পারেন,
আমাকে
স্বপ্নটা বল”।

যোষফ মদ প্রস্তুতকারকে বলল,
“তোমার স্বপ্নের মানে হল যে,
তিন দিনের
মধ্যে তুমি
রাজা
ফরৌণের
কাজে
নিযুক্ত
হবে।

তখন আমাকে স্মরণ কোরো
ও ফরৌণকে বল আমাকে
ছেড়ে দিতে”।

রুটি পস্তুতকারকের পক্ষে ছিল একটা দুঃখজনক খবর। যোষেফ বলল, “তিনদিনের মধ্যে তুমি মারা যাবে”। দুটি স্বপ্নই সত্য হয়েছিল।

মদ প্রস্তুতকারক যোষেফ স্পর্কে ভুলেই গিয়েছিল, ফরৌণ একদিন এক সম্যায় পড়লেন।

তিনি চিৎকার করে বললেন, “আমি একটা স্বপ্ন দেখেছি”।তার একজন

তখন মদ প্রস্তুতকারকের যোষেফের কথা মনে পড়ল। ফরৌণকে যোষেফের সম্পর্কে বলল।

ফরৌণ তাড়াতাড়ি লোক পাঠালেন। যোষেফ রাজাকে বলল, "আপনার স্বপ্ন হল ঈশ্বর থেকে এক বার্তা। মিশর দেশে সাত বছর প্রচুর শস্য হবে, তারপর সাত বছর ভয়ানক দুর্ভিক্ষ হবে"।

যোষেফ ফরৌণকে বলল, “সাত
বছর
শস্য সংগ্রহ করার এক
পরিকল্পনা
করুন, নয়তো আপনার লোক
দুর্ভিক্ষে
অনাহারে মারা যাবে”।
রৌণ বললেন,
“ঈশ্বর তোমার
সাথে আছেন,
আমার পরে
তুমি মিশরের

সাত বছর প্রচুর শস্য আসল। তারপর সাত বছর দুর্ভিক্ষ। মিশর ছাড়া সব জায়গায় খাদ্যের অভাব ছিল। কারণ তারা বিচক্ষণের সাথে শস্য জমা করেছিল। যোষেফের মাতৃভূমিতে যাকোবের পরিবারও দুর্ভিক্ষে অনাহারে ছিল।

সমস্ত দেশের লোকজন শস্য কিনতে মিশরে গিয়েছিল। যাকোব তার সন্তানদের আদেশ দিল, “তোমরাও যাও, নাহলে তোমরা অনাহারা মারা পড়বে”।

মিশরে পৌঁছে যাকোবের সন্তানেরা খাদ্য কিনতে তৈরি হল।

যাকোবের সন্তানেরা নতজানু হয়ে
মিশরের দায়িত্বে থাকা লোকটিকে
প্রণাম করল। তারা তাদের ভাই
যোষেফকে চিনতে পারল না; কিন্তু
যোষেফ জানত। যোষেফের স্মরণে
ছিল তার ছোটবেলার সেই স্বপ্ন।
ঈশ্বর তাকে তার সমস্ত ভাইদের
ঊর্দ্ধে উঠালেন।

যোষেফ অনেক বিচক্ষণ ছিলেন। তিনি কর্কশ স্বরে তাদের সাথে কথা বললেন ও শিমিয়নকে বন্ধক হিসাবে রাখলেন।

তিনি আদেশ দিলেন, “খাদ্য নাও, বাড়িতে যাও ও তোমাদের ছোট ভাইকে খানে নিয়ে আস, তাহলে আমি জানব তোমরা চর নও”।

ভাইয়েরা মনে করল, অনেক বছর আগে ভাইকে ক্রীতদাস হিসাবে বিক্রি করার জন্য, ঈশ্বর বোধহয় তাদের সাজা দিচ্ছেন।

যাকোব ও তারর সন্তানেরা কী করবে, তা বুঝতে পারল না। “আমাদের টাকা শস্যের মধ্য দিয়ে ফিরে এসেছে। এবং শাসক বিন্যামীনকে নিয়ে আসতে বলেছেন”।

যাকোব বিন্যামীনকে যেতে দিল না, কিন্তু খাদ্য শেষ হয়ে আসছিল। তাই বাধ্য হয়ে তাদের মিশরে যেতে হল এবং বিন্যামীনও তাদের সাথে গেল।

যোষেফ যখন বিন্যামীনকে দেখলেন, তিনি তার চাকরদের মহাভোজ প্রস্তুত করার আদেশ দিলেন। ভাইদের নিমন্ত্রণ করা হল। যোষেফ জিজ্ঞাসা করল, “তোমাদের বাবা কি সুস্থ সবলভাবে বেঁচে আছেন?” বোধহয় তিনি ভাবছিলেন যে, কীভাবে তার পরিবারকে একসাথে এখানে নিয়ে আসা যায়।

যোষেফ জানতে চাইছিল, অনেক বছর আগে তার ভাইয়েরা যে পাপ করেছিল, তার জন্য তারা দুঃখিত কিনা।ভোজ হয়ে যাবার পর সে তার ভাইদের বিরুদ্ধে চুরির অভিযোগ আনল।

যোষেফ বলল, "তোমাদের
সাজা
দিতে, আমি বিন্যামীকে
ক্রীতদাস
হিসাবে রাখব"। যিহূদা অনুনয়
করে
বলল, "প্রভু, ওর
পরিবর্তে আমার
জীবন নাও"।

যোষেফ বুঝতে পারল, যে
যিহূদা যোষেফকে বিক্রী
করার
প্রস্তাব দিয়েছিল, সে সত্যিই
পরিবর্তিত হয়েছে।

আর কিছুতেই সে তার
পরিবারের প্রতি প্রেম
লুকিয়ে রাখতে পারল না। সমস্ত
মিশরীয়দের
বাইরে বার
করে দিয়,
সে কাঁদতে
লাগল।

“আমি যোষেফ তোমাদের ভাই, যাকে তোমরা মিশরে বিক্রি করে দিয়েছিলে”।

অবাক ও ভয় পেয়ে ভাইয়েরা কিছু বলল না।

যোষেফ তার ভাইদের উৎসাহ দিলেন।
“ঈশ্বর আমাকে মিশরের কর্তা
বানিয়েছে, যাতে
এই দুর্ভিক্ষে আমি
তোমাদের জীবন
রক্ষা করতে পারি।

যাও, আমার বাবাকে নিয়ে এস,
আমি তোমাদের
দেখাশোনা করব”।
যাকোব ও যোষেফ
মিশরে একত্র হল এবং
সমস্ত পরিবার সুখ ও
শান্তিতে বাস করতে লাগল।

# ক্রীতদাস যোষেফকে ঈশ্বর সম্মান করেন

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

## আদিপুস্তক ৩৯-৪৫

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে ।”
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে বিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন:

প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো । দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি । আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি । আমেন ।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!

যোহন ৩:১৬